শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১৪.১৯-৫৮৮

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব. / ১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৮৫৪৯/২০১৯ | জনাব মো: রাজু করিম, সুপারিনটেনডেন্ট, বাউশা ভোকেশনাল ইন্সটিটিউট (২৩০৪৭), ডাকঘর-বাউশা, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী গং (২০ জন)। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | ২০১৮ এবং ২০১৯ সনের এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় কাম্য পরীক্ষার্থী ও পাশের হার না থাকায় জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি, ২০১০-এ প্রণীত ও মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(১)(ক) ও ১৮(৪) অনুযায়ী কেন প্রতিষ্ঠানের এমপিও স্থগিত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর জন্য ১৬৭টি প্রতিষ্ঠান প্রধানের বরারব ডিটিই হতে ১৮/০৬/২০১৯ তারিখে ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০১২.১৮-৫৩০ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। জারীকৃত পত্রের সাথে সংযুক্ত তালিকায় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ৪৭, ৫০,৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬১, ৬২, ৬৪, ৬৫, ৬৭, ৬৮, ৬৯, ৭৬, ৮১ ও ৯৩ নং ক্রমিকে পিটিশনারগণের প্রতিষ্ঠানগুলোর নাম রয়েছে।<br><br>উক্ত স্মারকের বিরুদ্ধে এবং বর্ণিত প্রতিষ্ঠানগুলোর শিক্ষক-কর্মচারীদের নিয়মিত বেতন-ভাতাদি পরিশোধের নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: রাজু করিম গং (২০ জন) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৭/৮/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে ২০১০ সালের অকার্যকর পরিপত্রের বিধানমতে উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর এমপিও স্থগিতকরণের বিষয়ে কারণ দর্শানোর নিমিত্ত ডিটিই হতে ১৮/৬/২০১৯ তারিখে ৫৩০ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনারদের প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের নিয়মিত বেতন-ভাতাদি পরিশোধের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৪/০৯/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ মামালার ২৭/০৮/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ২৮/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।